# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৯৪২

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ উল্লেখিত জায়গায় যে কারণে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তর্জনীর মাধ্যমে ইশারা করতেন

## ذِكْرُ الْعِلَّةِ الَّتِي مِنْ أَجْلِهَا كَانَ يُشِيرُ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِالسَّبَّابَةِ فِي الْمَوْضِعِ الَّذِي وَصَفْنَاهُ

---

আরবী

1942 - أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عُمَرَ بْنِ يُوسُفَ قَالَ: حَدَّثَنَا سَلْمُ بْنُ جُنَادَةَ قَالَ: حَدَّثَنَا ابْنُ إِدْرِيسَ عَنْ عَاصِمِ بْنِ كُلَيْبٍ عَنْ أَبِيهِ عَنْ وَائِلِ بْنِ حُجْرٍ: قَالَ: قَدِمْنَا الْمَدِينَةَ وَهُمْ يَنْفُضُونَ أَيْدِيَهُمْ مِنْ تَحْتِ الثِّيَابِ فَقُلْتُ: لأنظرنَّ إِلَى صَلَاةِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: فَكَبَّرَ حَتَّى افْتَتَحَ الصَّلَاةَ وَرَفَعَ يَدَيْهِ حَتَّى رَأَيْتُ إِبْهَامَيْهِ قَرِيبًا مِنْ أُذُنَيْهِ قَالَ: ثُمَّ أَخَذَ شِمَالَهُ بِيَمِينِهِ فَلَمَّا رَكَعَ رَفَعَ يَدَيْهِ فَلَمَّا رَفَعَ رَأْسَهُ قَالَ: (سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ) ثُمَّ كَبَّرَ وَرَفَعَ يَدَيْهِ ثُمَّ سَجَدَ فَوَضَعَ رَأْسَهُ بَيْنَ يَدَيْهِ فِي الْمَوْضِعِ مِنْ وَجْهِهِ فَلَمَّا جَلَسَ افْتَرَشَ قَدَمَيْهِ وَوَضَعَ مِرفقه الْأَيْمَنَ عَلَى فَخِذِهِ الْيُمْنَى وَقَبَضَ خِنصره وَالَّتِي تَلِيهَا وَجَمَعَ بَيْنَ إِبْهَامِهِ والوسطى ورفع التي تليها يدعو بها.

الراوي : وَائِل بْن حُجْرٍ الْحَضْرَمِيّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1942 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (717).

বাংলা

১৯৪২. ওয়াইল বিন হুজর রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমরা মদীনায় এসে দেখতে পেলাম যে, লোকজন কাপড়ের নিচ থেকে তাদের হাত নাড়ছিলেন। আমি (মনে মনে) বললাম, “অবশ্যই আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সালাত লক্ষ্য করবো।” তিনি বলেন, “অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকবীর দিয়ে সালাত শুরু করলেন এবং রফ‘উল ইয়াদাইন বা দুই হাত উত্তোলন করলেন এমনকি

তাঁর দুই বৃদ্ধাঙ্গুলি কান বরাবর করলেন। তারপর তিনি ডান হাত দ্বারা বাম হাত ধারণ করলেন। তারপর যখন রুকূ‘ করলেন, তখনও অনুরুপভাবে রফ‘উল ইয়াদাইন বা দুই হাত উত্তোলন করলেন। তারপর যখন তিনি রুকূ‘ থেকে মাথা উত্তোলন করলেন  তখন বলেন, سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ (আল্লাহ শ্রবণ করেন যে তাঁর প্রশংসা করে) তারপর তাকবীর দেন এবং অনুরুপভাবে রফ‘উল ইয়াদাইন করলেন। তারপর সাজদা করলেন। তিনি তাঁর সামনে দুই হাতের মাঝে মাথা রাখলেন। তারপর যখন বসলেন, তখন দুই পা বিছিয়ে দিলেন এবং ডান হাত ডান উরুর উপর রাখলেন। কনিষ্ঠা ও পরের আঙ্গুলকে গুটিয়ে নেন এবং বৃদ্ধাঙ্গুলি ও মধ্যমাকে একত্রিত করেন তারপর তার পরের আঙ্গুল তথা তর্জনীর মাধ্যমে ইশারা করে দু‘আ করেন।”[1]

## ফুটনোট

[1] তাবারানী আল কাবীর: ২২/৮২; আবূ দাঊদ: ৭২৭; মুসনাদ আহমাদ: ৪/৩১৮; ইমাম বুখারী, কুররাতুল আইনাইন ফী রফইল ইয়াদাইন: ১১ পৃষ্ঠা; নাসাঈ: ২/১২৬; দারেমী: ১/৩১৪; ইবনুল জারূদ: ২০৮; হুমাইদী: ৮৮৫; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২৫২২; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/২৩৪; ইবনু মাজাহ: ৮৬৭; তাহাবী, শারহু মা‘আনিল আসার: ১/২২৩; বাগাবী, শারহুস সুন্নাহ: ৫৬৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ শক্তিশালী বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৭১৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ ওয়ায়িল ইবনু হুজর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91158

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন